দৈনিক
জনকণ্ঠ

তারিখ 02 OCT 2002
পৃষ্ঠা ৫ কলাম ৪

# ক্যালিফোর্নিয়া ভার্সিটিতে নজরুল বৃত্তি চালুর সিদ্ধান্ত

ক্যালিফোর্নিয়ায় প্রবাসী বাংলাদেশীদের সাংস্কৃতিক সংগঠন 'তরঙ্গ কবি নজরুলের সাহিত্যকর্ম, নর্থরিজস্থ ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমে অন্তর্ভুক্ত করার উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে তরঙ্গ কর্মকর্তারা গত ২৪ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মারী উডের সঙ্গে এক বৈঠক করেছেন। বৈঠকে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্যকর্ম বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমে অন্তর্ভুক্ত করার ব্যাপারে বিস্তারিত আলোচনা এবং বিশ্ববিদ্যালয়ের অধীনে শীঘ্রই নজরুল বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এই বৃত্তির অর্থায়নে প্রাথমিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়ের এশিয়ান স্টাডিজ প্রোগ্রামের অধীনে নজরুল সাহিত্যের ওপর একটি কোর্স চালুর সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া বৈঠকে এও সিদ্ধান্ত নেয়া হয় যে, এখন থেকে প্রতিবছর আয়োজিত সেমিনারে একজন করে নজরুল বিশারদকে আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য, আমেরিকার কোন বিশ্ববিদ্যালয়ে নজরুল সাহিত্য বিষয়ে পড়াশোনার সুযোগ সৃষ্টির এটাই প্রথম উদ্যোগ। তরঙ্গ আয়োজিত অষ্টম উত্তর আমেরিকা নজরুল সম্মেলনে এই উদ্যোগের ঘোষণা দেয়া হয়। গত ২৬ মে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। নজরুলের সাম্যবাদী চিন্তাধারা কিভাবে বর্তমান পৃথিবীতে শান্তির দিশারী হয়ে আলোকপাত করতে পারে সেটাই ছিল সম্মেলনের মূল প্রতিপাদ্য। ১১ সেপ্টেম্বরে নিহত হাজার হাজার মানুষের স্মরণে সম্মেলন উৎসর্গ করা হয়।

এদিকে নজরুল বৃত্তি চালু করতে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, নর্থরিজের অধ্যাপক ফিলিস হারম্যান, ম্যাসাচুসেটস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ওয়াঙ্গটন ল্যাংলে এবং কানেকটিকাট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রজার বাকলে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন। অদূর ভবিষ্যতে কানেকটিকাট ও ম্যাসাচুসেটস বিশ্ববিদ্যালয়ের পাঠক্রমেও নজরুলকে অন্তর্ভুক্ত করা সম্ভব হবে বলে আশা করা হয়েছে। এ ব্যাপারে কার্যকর আশ্বাস পাওয়া গেছে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, আগামী ১৬ অক্টোবর এ সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে ক্যালিফোর্নিয়া স্টেট ইউনিভার্সিটির ডিন ড. এ্যালডেন রেইমোনেং, অধ্যাপক ফিলিস হারম্যান ও ইউনিভার্সিটি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মারী উডসহ তরঙ্গের কর্মকর্তারা উপস্থিত থাকবেন। -বিজ্ঞপ্তি।